"একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত হবে"
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি)
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

নথি নং- ৪৫.০২.০০০০.০০১.১৪.০২৫.২৫-১৪২২ তারিখঃ ২০/০৭/২০২৫ খ্রিঃ

## এইচইডি'র ঠিকাদার তালিকাভূক্তি নবায়ন বিজ্ঞপ্তি

১। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) এর তালিকাভূক্ত ঠিকাপ্রতিষ্ঠানসমূহের মালিকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চলতি ২০২৫-২০২৬ অর্থবছরের তালিকাভূক্তি নবায়নের সর্বশেষ তারিখ ৩১/১২/২০২৫ খ্রিঃ নির্ধারণ করা হয়েছে। উক্ত তারিখের পর ১০০০.০০ (এক হাজার) টাকা জরিমানা এবং জরিমানার উপর ১৫% হারে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা ভ্যাটসহ নবায়ন করা যাবে। নিম্নের ছক অনুযায়ী নির্ধারিত তারিখের মধ্যে "স্বয়ংক্রিয় চালান" (Automated Challan সংক্ষেপে এ-চালান) ব্যবহারের মাধ্যমে যে কোন তফসিলি ব্যাংকের শাখায় বা অনলাইনে টাকা জমা প্রদান করে চালানের মূল কপি স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের যে কোন নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে জমা সাপেক্ষে নবায়ন করা যাবে।

| বিবরণ | টাকার পরিমাণ | কোড নং |
|---|---|---|
| নবায়ন ফি | ২০০০/- (দুই হাজার) টাকা | ১২৭০৫০১-১১৬৫১৮-১৪২২৩৩৫ |
| নবায়নের উপর ১৫% হারে ভ্যাট | ৩০০/- (তিনশত) টাকা | ১-১১৩৩-০০১০-০৩১১ নতুন (১১৪১১০১) |
| জরিমানা বাবদ (প্রযোজ্য ক্ষেত্রে) | ১০০০/- (এক হাজার) টাকা | ১২৭০৫০১-১১৬৫১৮-১৪২২৩৩৫ |
| জরিমানার উপর ১৫% হারে ভ্যাট | ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা | ১-১১৩৩-০০১০-০৩১১ নতুন (১১৪১১০১) |

২। তালিকাভূক্তি নবায়নের জন্য ২০২৫-২০২৬ অর্থবছরের নবায়নকৃত ট্রেড লাইসেন্স প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে।

৩। যে সকল ঠিকাপ্রতিষ্ঠান ইতিপূর্বে নবায়ন ফি জমা দিতে ব্যর্থ হয়েছেন, সে সকল ঠিকাপ্রতিষ্ঠান নিয়মিত নবায়ন ফি এর সাথে অতিরিক্ত ১০০০/-(এক হাজার) টাকা এ-চালানের মাধ্যমে উপরোক্ত ছকে বর্ণিত কোড নম্বরে জমা দিতে পারবেন। ট্রেজারী চালানের মাধ্যমে প্রতি অর্থবছরের জন্য ১০০০/- (এক হাজার) টাকা হারে জরিমানা এবং জরিমানার উপর ভ্যাট বাবদ ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) সহ পর পর তিন অর্থবছর নবায়ন করতে পারবেন। যদি কেউ পর পর তিন অর্থবছর পর্যন্ত নবায়ন ফি জমা দিতে ব্যর্থ হন তবে তার তালিকাভূক্তি বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, নবায়ন ফি এবং বিলম্বজনিত জরিমানা জমাদানের জন্য অভিন্ন কোড নির্ধারিত হওয়ায় একই চালানে জমা দেওয়া যাবে।

৪। দাখিলকৃত এ-চালানের অনলাইন যাচাই নিশ্চিত করবেন সংশ্লিষ্ট নিবাহী প্রকৌশলীর দপ্তর।

৫। ইহা প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনক্রমে জারী করা হলো।

২২.০৭.২০২৫

(মোঃ রফিকুল ইসলাম সরকার)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডএ)
এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।

বিতরণ ঃ
কার্যক্রমঃ
১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এইচইডি সার্কেল-১/২/৩/৪/৫/৬/৭/৮।
২। নির্বাহী প্রকৌশলী (সকল), এইচইডি, .......................................... বিভাগ।
৩। নির্বাহী প্রকৌশলী, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। হিসাব শাখা, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। প্রশাসন শাখা, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।

বিজ্ঞপ্তিটি আপনার কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।